তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ০৪/২০১৪

অভিযোগকারী ঃ জনাব দেলাওয়ার বিন সিরাজ পিতা-মৃত হাজী সিরাজ উদ্দিন ২/২ আর কে মিশন রোড (গিফট্ ভেলী) ৩য় তলা ঢাকা-১২০৩।	**প্রতিপক্ষ ঃ জনাব সুকান্তি বিকাশ সান্যাল** উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয় ১৮ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ২৮-০১-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ ২৮-১০-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব সুকান্তি বিকাশ সান্যাল বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ক) অগ্রণী ব্যাংক লিঃ প্রধান শাখা, মতিঝিল, ঢাকা থেকে কোন কোন খাতে ঋন প্রদান করা হয়। উহার খাতওয়ারী ঋন গ্রহীতার নাম, ঠিকানাসহ ঋনের পরিমান, প্রকৃতি খেলাপী/শ্রেণীকৃত/মন্দ/কু) ইত্যাদি এর হাল নাগাদ বিবরণী (২০০৩-২০১৩ পর্যন্ত)।

খ) অগ্রণী ব্যাংক লিঃ এর এম ডি এবং সি ই ও জনাব আব্দুল হামিদ এর ঋন ক্ষমতা বলে কোন কোন প্রতিষ্ঠানকে কত টাকার ঋন অনুমোদন করা হয়েছে এবং কোন কোন প্রতিষ্ঠানের ঋন অনুমোদনের জন্য বোর্ডে সুপারিশ করেছেন তার লিখিত বিবরণী (হাল নাগাদ)।

গ) অগ্রণী ব্যাংক লিঃ মাদারকাঠী শাখা, বরিশালের উদ্বোধনের দিন পর্যন্ত শাখা স্থাপনের ব্যয় কত টাকা এবং উহার খাতওয়ারী বিবরনসহ এ পর্যন্ত কোন কোন খাতে কোন প্রতিষ্ঠানকে কত টাকা ঋন প্রদান করা হয়েছে উহার লিখিত বিবরনী।

০২। উক্ত আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ০৬-১১-২০১৩ তারিখে বিএসইউসিডি/শাখা-৩/৮০৯/২০১৩ নং স্মারকে অভিযোগকারীকে ২৮-১১-২০১৩ তারিখের মধ্যে তথ্য সরবরাহ করার কথা জানান এবং ১৮-১১-২০১৩ তারিখে অভিযোগকারীকে তথ্য সরবরাহে অপারগতার নোটিশ প্রদান করেন। এ প্রেক্ষিতে অভিযোগকারী ২৪-১১-২০১৩ তারিখে অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) জনাব সৈয়দ আব্দুল হামিদ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পাওয়ায় ২৪-১২-২০১৩ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৯-০১-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৮-০১-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ; প্রতিপক্ষ, অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব সুকান্তি বিকাশ সান্যাল ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব খান মোঃ মাহবুবুর রহমান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য প্রাপ্তির আবেদন পাবার পর তথ্য সরবরাহ করা হবে মর্মে জানিয়ে পরবর্তীতে তথ্য সরবরাহের অপারগতার নোটিশ প্রদান করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

০৫। অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্যের ক্রমিক নং 'ক' এ বর্ণিত তথ্য সুস্পষ্ট নয়। ক্রমিক নং 'খ' ও 'গ' এর তথ্য ব্যক্তিগত তথ্য এবং অভিযোগকারীর কোন স্বার্থ সংশ্লিষ্ট তথ্য না হওয়ায় তা সরবরাহ করা সম্ভব হয়নি।

০৬। অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে ক্রমিক নং 'ক' এর তথ্য সুস্পষ্ট না হওয়ায় অভিযোগকারীকে সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে তথ্য প্রাপ্তির আবেদন করার জন্য কমিশন মতামত প্রদান করলে অভিযোগকারী তাতে সম্মতি প্রদান করেন। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী ক্রমিক নং 'খ' ও 'গ' এর তথ্য কোন ব্যক্তিগত তথ্য নয় এবং সে সকল তথ্য সরবরাহের জন্য কমিশন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা প্রদান করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাতে সম্মতি প্রদান করেন।

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে, দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে ক্রমিক নং 'ক' এর তথ্য সুস্পষ্ট ও সুনির্দিষ্ট না হওয়ায় অভিযোগকারী এ বিষয়ে পুনরায় আবেদন করতে পারেন এবং 'খ' ও 'গ' ক্রমিকের এর তথ্য ব্যক্তিগত তথ্য না হওয়ায় তা প্রদানযোগ্য। কমিশনের নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে ক্রমিক নং 'খ' ও 'গ' এর সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে গণ্য করা যায়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যের মধ্যে ক্রমিক নং 'ক' এর তথ্য প্রাপ্তির জন্য সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে আবেদন করার জন্য নির্দেশনা দেয়া হলো।

২। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০৬-০২-২০১৪ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যের মধ্যে 'খ' ও 'গ' ক্রমিকের এর তথ্য সরবরাহ করার জন্য অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।

৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৪। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার

[মিজান]